রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বাহনের পিঠে সালাত আদায় করতেন। যেদিকেই তার মুখ হতো সেদিকেই মুখ করতেন। তিনি মাথা দ্বারা ইশারা করতেন। আর ইবন উমার এ কাজটি করতেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহ আনহুমা থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার বাহনের পিঠে সালাত আদায় করতেন। যেদিকেই তার মুখ হতো সেদিকেই মুখ করতেন। তিনি মাথা দ্বারা ইশারা করতেন। আর ইবন উমার এ কাজটি করতেন। অপর বর্ণায়:
তিনি তার উটের ওপর বিতির আদায় করতেন। আর সহীহ মুসলিমের বর্ণনায় বর্ণিত: তবে তিনি
বাহনের উপর ফরয সালাত আদায় করতেন না। আর সহীহ বুখারির বর্ণনায় বর্ণিত: কিন্তু ফরয সালাতসমূহ।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার আরোহণের ওপর কেবল নফল সালাত আদায় করতেন। বাহনটি যেদিকে ফিরত তিনি সেদিকে মুখ ফিরাতেন যদিও তা কিবলামুখ নয়। রুকু সেজদা করার জন্য তিনি মাথা ঝুকাতেন এবং ইশারায় আদায় করতেন। রুকু সেজদা ও কিবলামুখ হওয়ার জন্য তিনি যমীন নামার চেষ্টা করতেন না। সাধারণ নফল সালাত বা সুন্নাতে রাতেবাহ বা কারণ বিশিষ্ট্য সালাতসমূহের মধ্যে কোন প্রার্থক্য নেই। কিন্তু তিনি ফরয সালাতসমূহে এ কাজটি করতেন না। অনুরূপভাবে তিনি বিতিরের সালাতও বাহনের ওপর আদায় করতেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3128